

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথা, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
খুমলুঙ, পশ্চিম ত্রিপুরা

খুমলুঙে যথাযোগ্য মর্যাদায় ভগবান বীরসা মুন্ডার
জন্মদিবস পালন

এডিসি।স-১৫৬

খুমলুঙ, ১৫।১১।২০২১ইং

আজ খুমলুঙস্থিত নুউই অডিটোরিয়ামে সারা দেশের সাথে ত্রিপুরা সরকারের উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে স্বাধীনতা সংগ্রামী ও ভগবান বীরসা মুন্ডার জন্মদিবস উপলক্ষ্যে জনজাতীয় গৌরব দিবস পালন করা হয়। মাস্ট্রলিক প্রদীপ প্রজ্জ্বলন করে এই অনুষ্ঠান শুভ উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। সভাপতিত্ব করেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী মেবার কুমার জমাতিয়া। সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টিটিএডিসির মুখ্যনির্বাহী সদস্য পূর্নচন্দ্র জমাতিয়া, এমডিসি প্রদ্যোৎ বিক্রম কিশোর মানিক্য দেববর্মা, এমডিসি গনেশ দেববর্মা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টিটিএডিসির মুখ্যনির্বাহী আধিকারিক সিকে. জমাতিয়া। স্বাগত ভাষণ রাখেন জনজাতি কল্যাণ দপ্তরের আধিকর্তা ড. বিশাল কুমার। ধন্যবাদ জ্ঞাপন করেন ত্রিপুরা সরকারের জনজাতি কল্যাণ দপ্তরের অতিরিক্ত অধিকর্তা আনন্দহরি জমাতিয়া।

উদ্বোধনী ভাষণে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব স্বাধীনতা সংগ্রামী তথা ভগবান বীরসা মুন্ডার জীবনী সম্পর্কে বিস্তৃত আলোচনা করেন। তিনি বলেন আজকের দিনটি ঐতিহাসিক দিন। তিনি জানান এবারেই প্রথম বীরসা মুন্ডার জন্মদিবস যথাযোগ্য মর্যাদায় সারা ভারতবর্ষে পালন করা হচ্ছে। তিনি বলেন বিগত দিনে অন্যান্য সন্মানীয় ব্যক্তিদের জন্মদিবস পালন করা হলেও বীরসা মুন্ডার জন্মদিবস পালন করা হয়নি। বর্তমান দেশের প্রধানমন্ত্রীর প্রচেষ্টায় বীরসা মুন্ডার জন্মদিবস পালন করার উদ্যোগ নেওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। তিনি জানান রাজ্যে বিজেপি আইপিএফটি ক্ষমতায় আসার পর ত্রিপুরার আধুনিক রূপকার মহারাজা বীরবিক্রম মানিক্যের জন্মদিবস সরকারীভাবে পালন করা হচ্ছে। এছাড়া তাঁর জন্মদিনে সরকারী ছুটি ঘোষণা করা হয়। এছাড়াও আগরতলা বিমানবন্দরের নাম মহারাজা বীরবিক্রম মানিক্যের নামে করা হয়েছে। সময়মত ড্যাকসিন নেওয়ার জন্য মুখ্যমন্ত্রী সকলের প্রতি আহ্বান রাখেন।

সভাপতির ভাষণে জনজাতি কল্যাণ মন্ত্রী মেবার কুমার জমাতিয়া বীরসা মুন্ডার জীবনী তুলে ধরে জানান ত্রিপুরার শুধু ওরাং জনগোষ্ঠীদের উন্নয়নে কেন্দ্র সরকার ৫০০ কোটি টাকা রাজ্য সরকারকে দিয়েছেন। এছাড়া তিনি জানান হালাম জনগোষ্ঠীদের উন্নয়নে ও ৫০০ কোটি টাকা কেন্দ্র সরকার দিয়েছেন। কেন্দ্র সরকার থেকে প্রদান করা টাকাগুলো দিয়ে ঠিকমত উন্নয়ন কাজ চলছে বলে তিনি জানান। বিগত দিনে কেন্দ্র সরকার থেকে এভাবে কোনদিন পাওয়া যায়নি বলে তিনি জানান। সন্মানিত অতিথির ভাষণে মুখ্যনির্বাহী সদস্য পূর্নচন্দ্র জমাতিয়া বলেন ভগবান বীরসা মুন্ডা শুধু মুন্ডা জাতির নয় সকল অংশের মানুষের কল্যাণের জন্য কাজ করে গেছেন বলে শ্রদ্ধা পান। এই অনুষ্ঠানে এমডিসি গনেশ দেববর্মা ও বক্তব্য রাখেন। এদিকে আজ অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ১২৯৫ কোটি টাকার প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট চালু করেন।